

## আন্তর্জাতিক

# তুরস্ক-পাকিস্তান-সৌদি-মিশরকে নিয়ে জোট গঠনের প্রস্তাব ইরানের

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি: ইরানের ভারপ্রাপ্ত প্রতিরক্ষামন্ত্রী ব্রিগেডিয়ার জেনারেল সাইয়েদ মজিদ ইবনে-রেজা।

মুসলিম দেশগুলোর সমন্বয়ে একটি যৌথ নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলার আহ্বান জানিয়েছেন ইরানের ভারপ্রাপ্ত প্রতিরক্ষামন্ত্রী ব্রিগেডিয়ার জেনারেল সাইয়েদ মজিদ ইবনে-রেজা।

রোববার ( ২ আগস্ট) তুরস্কের প্রতিরক্ষামন্ত্রী ইয়াসার গুলারের সঙ্গে এক ফোনালাপে তিনি এই প্রস্তাব দেন। সেই সঙ্গে সতর্ক করেন, এ অঞ্চলে বাইরের কোনো শক্তির উপস্থিতি মধ্যপ্রাচ্য ও এর আশপাশে কেবল অস্থিতিশীলতাই উস্কে দেয়।

সাম্প্রতিক আঞ্চলিক যুদ্ধগুলোর কথা উল্লেখ করে জেনারেল ইবনে-রেজা বলেন, আঞ্চলিক নিরাপত্তা অবশ্যই এই অঞ্চলের দেশগুলোকেই নিশ্চিত করতে হবে। নিরাপত্তা একটি সম্পূর্ণ অভ্যন্তরীণ বিষয় উল্লেখ করে তিনি বলেন, কোনো বহিঃআঞ্চলিক শক্তির ওপর নির্ভর করে কখনোই স্থায়ী নিরাপত্তা প্রতিষ্ঠা করা সম্ভব নয়। এজন্য তিনি ইরান, তুরস্ক, পাকিস্তান, সৌদি আরব ও মিশরসহ অন্যান্য মুসলিম দেশগুলোকে

নিয়ে একটি যৌথ নিরাপত্তা জোট গঠনের জোরাল প্রস্তাব দেন এবং তুরস্কসহ অন্যান্য আঞ্চলিক দেশের সঙ্গে যৌথ আলোচনা চালিয়ে যেতে তেহরান প্রস্তুত রয়েছে বলে জানান।

আঞ্চলিক স্থিতিশীলতা ফেরানো এবং বন্ধুপ্রতিম প্রতিবেশী দেশগুলোর অনুরোধেই যুক্তরাষ্ট্রের সঙ্গে যুদ্ধবিরতির সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে বলে জানান ইরানের এই প্রতিরক্ষা কর্মকর্তা। তবে ওয়াশিংটনের কথা রাখার দীর্ঘ ইতিহাস না থাকায় ইরান অপর পক্ষের ওপর অন্ধভাবে আস্থা রাখছে না বলে উল্লেখ করে তিনি জানান, যুদ্ধবিরতির যেকোনো ধরনের লঙ্ঘন হলে তার যথাযথ জবাব দিতে সশস্ত্র বাহিনী পুরোপুরি প্রস্তুত রয়েছে।

গাজা, লেবানন, সিরিয়া এবং ইরানে ইসরায়েলি সামরিক আগ্রাসনের তীব্র নিন্দা জানিয়ে ইরানের ভারপ্রাপ্ত প্রতিরক্ষামন্ত্রী বলেন, যুক্তরাষ্ট্রের রাজনৈতিক ও সামরিক সমর্থনই জায়নবাদী শাসনের টিকে থাকাকে দীর্ঘায়িত করেছে এবং তাদের বেপরোয়া করে তুলেছে। হিজবুল্লাহর বিরুদ্ধে নতুন ফ্রন্ট খোলার মার্কিন সাম্প্রতিক হুমকি পুরো অঞ্চলকে নতুন নিরাপত্তা ঝুঁকিতে ফেলবে বলে সতর্ক করে তিনি বলেন, সিরিয়া ও লেবাননে তথাকথিত নিরাপত্তা অঞ্চল তৈরির ইসরায়েলি পরিকল্পনা একটি বৃহত্তর সংকটের পূর্বাভাস।

ফোনালাপে তুরস্কের প্রতিরক্ষামন্ত্রী ইয়াসার গুলার ইরানের প্রয়াত নেতা, সামরিক কমান্ডার, বেসামরিক নাগরিক এবং মিনাবে নিহত স্কুলছাত্রদের নিহতের ঘটনায় গভীর শোক প্রকাশ করেন। তিনি যুদ্ধবিরতি সমঝোতা স্মারকের পূর্ণ বাস্তবায়ন এবং কূটনীতি অব্যাহত রাখার পক্ষে সমর্থন জানান।

এছাড়া আক্ষারা সর্বদা তার প্রতিবেশী দেশগুলোর ভূখণ্ডগত অখণ্ডতাকে সম্মান করে উল্লেখ করে তিনি জানান, সন্ত্রাসবাদ দমন, সীমান্ত নিরাপত্তা জোরদার এবং আঞ্চলিক নানা ইস্যুতে ইরানের সাথে সহযোগিতা বাড়াতে তুরস্ক সম্পূর্ণ প্রস্তুত রয়েছে। সূত্র- মেহের নিউজ

## এ বিভাগের আরও খবর



পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের  
তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি করেছেন, ইরান...



সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের  
সীমান্ত নিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ  
জানিয়েছে ভারত। ভারতীয় সংবাদ সংস্থা...



রিয়াদে আরামকো স্থাপনায় ক্ষেপণাস্ত্র-দ্রোণ হামলার দাবি ছতিদের  
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও দ্রোণ দিয়ে হামলার  
দাবি করেছে ইয়েমেনের সশস্ত্র...



ছতিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের  
ইরান-সমর্থিত ইয়েমেনের ছবি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার  
পরিকল্পনা নিয়ে কাজ করেছে র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/tursk-pakistan-soudi-mishrke-niye-jot-gthner-prstab-iraner>